



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২২১১৮১০৯৯৬৩১/জামালপুর-৪৬/

২৪/৬/৮

তারিখ: ০৮.০৮.২০১৯খ্রিঃ

বিষয়: ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাস/৩২১৭/৮/জামালপুর-৪৬; তারিখ: ২৭.০৩.২০১৯।
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.০০.০৩৯৩৬.০০৮.২৭.০০৪.১৪-৩০৯; তারিখ: ০৯.০৪.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন ইদিলপুর দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নুরুল আমীন একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, অনুমোদিত কমিটির প্রথম সভা করতে গেলে কমিটির সদস্যগণ যথাক্রমে মো: আব্দুর রশিদ, মো: নুরুল ইসলাম, মো: গোলাম মোস্তফা, মোহা: মনোয়ারা খাতুন, মনোয়ারা খাতুন, মোহাম্মদ তারা মিয়া ও মো: মোফাজ্জল হক সভাপতি বরাবর পদত্যাগপত্র দাখিল করেন। সভাপতি পদত্যাগপত্র গ্রহণ না করায় পদত্যাগকারী সদস্যগণ সুপারের মাধ্যমে আবেদন করেন।

উপরিউক্ত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুরকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা বলেন- গত ২৪/০১/২০১৯ খ্রি. তারিখে অনুমোদিত ম্যানেজিং কমিটির ০৭ (সাত) সদস্যের পদত্যাগের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/ ২২১১৮১০৯৯৬৩১/৬৯৯৯/নথি নং- ৪৬; তারিখ: ২৪/০১/২০১৯ খ্রি. স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব ৩০(ত্রিশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক

সভাপতি/সুপার, ইদিলপুর দাখিল মাদ্রাসা
পো: ভারুয়াখালী, সদর, জামালপুর।

নং-বামাশিবো/প্রশাসন/২২১১৮১০৯৯৬৩১/জামালপুর-৪৬/ /

তারিখঃ .০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, জামালপুর।
২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
৪. সভাপতি/সুপার, ইদিলপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর: ভারুয়াখালী, সদর, জামালপুর।
৫. অভিযোগকারী মো: নুরুল আমীন, ডাকঘর: ভারুয়াখালী, সদর, জামালপুর।
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪